

# **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫০৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বাহনের উপর সালাত আদায় করা বৈধ, যদিও কিবলা তার পিছন দিকে থাকে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُصلِّي أَنْ يُصلِّي عَلَى رَاحِلَتِهِ وَإِنْ كَانَتِ الْقِبْلَةُ وَرَاءَهُ

### আরবী

2507 \_ أخبرنا الفضل بن حباب قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدِ قَالَ: حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَاجَةٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَاجَةٍ فَالَدركَتُهُ فَسلَّمتُ عَلَيْ فَقَالَ: (إِنَّكَ سَلَّمْتَ عَلَيَّ فَأَدركتُهُ فَسلَّمتُ عَلَيْ وَهُوَ يُصَلِّي فَأَشَارَ إليَّ فَلَمَّا فَرَغَ دَعَانِي فَقَالَ: (إِنَّكَ سَلَّمْتَ عَلَيَّ وَأَنَا أُصَلِّى) وَهُوَ مُتَوَجَّهُ يومئذ نحو المشرق.

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2507 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (859): م.

#### বাংলা

২৫০৭. জাবির রাদ্বিয়াল্লান্থ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম আমাকে একটা প্রয়োজনে আমাকে পাঠান অতঃপর আমি তাকে পেয়ে যাই। ফলে আমি তাঁকে সালাম দেই, এসময় তিনি সালাত আদায় করছিলেন। ফলে তিনি ইশারায় আমার সালামের জবাব দিলেন। তারপর যখন সালাত শেষ করেন, তখন তিনি আমাকে ডেকে বলেন, "নিশ্চয়ই তুমি আমাকে সালাম দিয়েছিলে, আমি সে সময় সালাত আদায় করছিলাম।"

জাবির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "সে সময় তিনি পূর্ব দিকে মুখ করে ছিলেন।"[1]

# ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩৪; সহীহ মুসলিম: ৫৪০; নাসাঈ: ৩/৬; ইবনু মাজাহ: ১০১৮; সুনান বাইহাকী:



## २/२७४।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন